

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিগঞ্জ, সাতক্ষীরা
kaliganj.satkhira.gov.bd।


স্মারক নং- ০৫.৪৪.৮৭৪৭.০০০.১৪. ০০১.১৯- ৭২৪

তারিখ : ২৫-০৮-২০২০ খ্রিঃ।

বিষয় : শিক্ষা প্রতিষ্ঠানের লাইব্রেরি সচলকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রচলিত পাঠ্য পুস্তকের বাহিরে ইতিহাস, সাহিত্য, সংস্কৃতি, সংগীত, ভ্রমণ ইত্যাদি বিষয়ক পাঠ ছাত্র- ছাত্রীদের মেধা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে ও তাদের সুনামগরিক হিসেবে গড়ে তোলে। এমতাবস্থায় নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

- ১। সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ তাদের প্রতিষ্ঠানের লাইব্রেরি হতে প্রতিমাসে কতজন শিক্ষার্থী বই ধার নিয়েছেন সে তথ্য ও সংশ্লিষ্ট পুস্তক বিতরণ রেজিস্টারের সংশ্লিষ্ট পাতার ফটোকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় প্রতি মাসে দাখিল করবেন।
- ২। দিনের একটি সময় লাইব্রেরি খোলা রাখবেন। শিক্ষা প্রতিষ্ঠান চালু হওয়ার পর উক্ত লাইব্রেরিতে কতজন ছাত্র- ছাত্রী পড়াশুনা করছেন তার তথ্য এবং এ সংক্রান্ত লাইব্রেরি রেজিস্টারের সংশ্লিষ্ট পাতার ফটোকপি করে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রতি মাসে দাখিল করবেন।
- ৩। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে লাইব্রেরি রয়েছে উক্ত লাইব্রেরির বইয়ের নামসহ একটি তালিকা আগামী এক মাসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন।
- ৪। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে লাইব্রেরি নাই, সে সকল প্রতিষ্ঠানে আগামী এক মাসের মধ্যে লাইব্রেরি স্থাপন করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন।
- ৫। উল্লেখ যে, লাইব্রেরি স্থাপনের ক্ষেত্রে স্বয়ংসম্পূর্ণ আলাদা কক্ষ না পাওয়া গেলে যে কোন কক্ষের মধ্যের একটি অংশকে লাইব্রেরি হিসেবে গণ্য করা যাবে। মূলত ছাত্র-ছাত্রীগণ বই ধার নিয়ে নিয়মিত বাসায় পড়েন কিনা? অথবা লাইব্রেরিতে অবস্থান করে পড়েন কিনা? সেটিই মুখ্য বিষয়।


মোঃ মোজাম্মেল হক রাসেল
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা।

অধ্যক্ষ/ সুপার/ প্রধান শিক্ষক (সকল)

.....
কালিগঞ্জ, সাতক্ষীরা।

অনুলিপিঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৩ / সাতক্ষীরা -০৪
- ২। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ৩। উপজেলা চেয়ারম্যান, কালিগঞ্জ, সাতক্ষীরা
- ৪। উপজেলা ভাইস চেয়ারম্যান পুরুষ/ মহিলা, কালিগঞ্জ, সাতক্ষীরা
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা (নিয়মিত পরিদর্শনের সময় অগ্রগতি মনিটরিং এর অনুরোধসহ)
- ৬। উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা (উপজেলা শিক্ষা কমিটির এজেন্ডাভুক্তকরণ ও নিয়মিত পরিদর্শনের সময় অগ্রগতি মনিটরিং এর অনুরোধসহ)
- ৭। উপজেলা অফিসার (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা (প্রযোজ্য পরিদর্শনের সময় মনিটরিং এর অনুরোধসহ)
- ৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা (পত্রটি উপজেলা প্রশাসনের ওয়েব সাইটের সংশ্লিষ্ট ট্যাগে আপলোডের অনুরোধসহ)
- ৯। চেয়ারম্যান ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা।